



BNGG (GEN)-03

West Bengal State University  
B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015

PART - II

বাংলা — সাধারণ

তৃতীয় পত্র



সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। ক) “কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ।” রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ প্রবন্ধ অবলম্বনে এই অতলস্পর্শ বিরহের স্বরূপ নির্ণয় করো। ১৫

অথবা

- খ) “অতএব পূর্ব-পশ্চিমের চিত্ত যদি বিচ্ছিন্ন হয় তাহলে উভয়েই ব্যর্থ হবে।” প্রবন্ধকারের বক্তব্য অনুসরণে উক্তিটির তাৎপর্য বিচার করো।

- ২। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৫ = ৫

- ক) “দুঁছ কোরে দুঁছ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া” — কবিতাংশটি কোন্ প্রবন্ধে ব্যবহৃত ? এটি কোন্ পর্যায়ের পদ ও পদটির রচয়িতা কে ? প্রাবন্ধিক পদটির মাধ্যমে কি বোঝাতে চেয়েছেন ? ১ + ১ + ১ + ২

- খ) “ত্যাগের দ্বারাই বলের পরিচয় ঘটে।” — কোন্ প্রবন্ধের অংশ ? উক্তিটির অর্থ বিচার করো।

১ + ৪

- গ) “মত্ত দাদুরী, ডাকে ডাহকী,

ফাটি যাওত ছাতিয়া।”

— কোন্ প্রবন্ধের অংশ ? কোন্ পর্যায়ের পদ ? কার লেখা পদ ? প্রাবন্ধিক পদটির মাধ্যমে কি বোঝাতে চেয়েছেন ? ১ + ১ + ১ + ২

SUB-B.A.(GEN)-BNGG-6124

[ Turn over



৩। ক) 'কপালকুন্ডলা' উপন্যাসে নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো।

১৫

অথবা

খ) "কপালকুন্ডলা" উপন্যাসে অপ্রাকৃত ও আকস্মিক ঘটনা, নিয়তিলীলারহস্য প্রভৃতি উপাদান শিল্পকলাসম্মত রূপ ধারণ করিয়াছে" — এই অভিমতের যৌক্তিকতা নির্ধারণ করো।

১৫

৪। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

১ × ৫ = ৫

ক) '... পরের কাষ্ঠাহরণ করা যাহার স্বভাব, সে পুনর্ব্বার পরের কাষ্ঠাহরণে যাইবে। তুমি অধম — তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?' — এখানে কার স্বভাবের কথা বলা হয়েছে? শেষোক্ত উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১ + ৪

খ) 'এক আকাশে কি চন্দ্র-সূর্য উভয়েই বিরাজ করেন না? এক বৃন্তে কি দুটি ফুল ফোটে না?' — উক্তিটি কে কাকে করেছে? প্রসঙ্গ নির্দেশ করো।

১ + ১ + ৩

গ) 'যদি জানিতাম যে, স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না।' — কে, কাকে একথা বলেছে, প্রসঙ্গ নির্দেশ করো।

১ + ১ + ৩

৫। ক) রমা চরিত্রটি অঙ্কনে শরৎচন্দ্রের দক্ষতা বিচার করো। চরিত্রটির পরিণতি সুসঙ্গত হয়েছে কিনা বিচার করো।

১২ + ৩

অথবা

খ) 'পল্লীসমাজ' উপন্যাসে তৎকালীন বাংলাদেশের গ্রামীণ সমাজের যে চালচিত্র চিত্রিত হয়েছে — তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৫

৬। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

১ × ৫ = ৫

ক) 'ও ডালে ডালে বেড়ায় ত আমি পাতায় পাতায় ফিরি যে।' — কে, কাকে, কোন প্রসঙ্গে একথা বলেছে?

১ + ১ + ৩

খ) "কয়লাকে ধুয়ে তার রঙ বদলানো যায় না মা, তাকে আগুনে পোড়াতে হয়।" — কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১ + ৪

গ) "মিথ্যেকে ঘাঁটাঘাঁটি করে জাগিয়ে তুললেই তার পরমায়ু বেড়ে ওঠে।" — কে, কাকে এই উপদেশ বাক্যটি বলেছিলেন? এই বাক্যটি ব্যবহারের কারণ কি?

২ + ৩



৭। 'রাজা ও রাণী' নাটকে চরিত্রগুলির মধ্যে বিক্রম চরিত্রই সর্বাপেক্ষা বিকাশধর্মী — আলোচনা করো। ১৫

অথবা

টাজেডি হিসেবে 'রাজা ও রাণী' নাটকের সার্থকতা বিচার করো। ১৫

৮। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৫ = ৫

ক) "অনুস্বর ধনুঃশ্বর নহে, মহারাজ, কেবল টংকার মাত্র।" — কার প্রতি কার উক্তি ? উক্তিটির তাৎপর্য কি ? ১ + ১ + ৩

খ) "অন্তরে প্রেয়সী তব, বাহিরে মহিষী" — কার প্রতি কার উক্তি ? উক্তিটির মধ্যে দিয়ে বক্তা চরিত্রের কি বৈশিষ্ট্য ফুটে উঠেছে ? ১ + ১ + ৩

গ) "নারী হয়ে রাজকার্য্যে দিয়ো না দিয়ো না হাত।" — কে কার উদ্দেশ্যে কথাটি বলেছেন ? প্রসঙ্গ নির্দেশ করো। ১ + ১ + ৩

৯। ক) 'পুঁইমাচা' গল্পটি ছোটগল্প হিসাবে কতদূর সার্থক তা বিশ্লেষণ করো। ১৫

অথবা

খ) "উপস্থিত বুদ্ধি, সংগ্রামী মেজাজ, কূটকৌশল এবং মাতৃত্ব বোধে ময়নার মা বাংলা সাহিত্যে এক অপূর্ব চরিত্র।" — 'হারানের নাতজামাই' গল্প অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১৫

১০। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৫ = ৫

ক) "আমি তখন থেকে ভয়ে মরি" — কে ভয় পেয়েছিল ? কেন ভয় পেয়েছিল ? ১ + ৪

খ) "এ কি বিচার ! এ কাহার বিরুদ্ধে বিচার !" — কে কোথায় কেন এই মন্তব্য করেছিল ? ১ + ১ + ৩

গ) "ফুল আর কবিতার বই দাও, সেই ভালো" — কে, কাকে এই পরামর্শ দিয়েছে ? প্রসঙ্গ নির্দেশ করো। ১ + ১ + ৩